পদক্ষেপ
মানবিক উন্নয়ন কেন্দ্র
(পদক্ষেপ এর একটি মাসিক 'ই' সাময়িকী)
ই নিউজ
বর্ষ: ১২ | সংখ্যা: ১১৯
সম্ভাবনার ক্ষমতায়নে সাম্যে গড়া
টেকসই ভবিষ্যতের লক্ষ্যে ১৯৮৬ থেকে
জানুয়ারি ২০২৩



# AqDP প্রকল্পের ৩৪ তম পর্যালোচনা সভা অনুষ্ঠিত

গত ২ জানুয়ারী ২০২৩ তারিখে পদক্ষেপ এর প্রধান কার্যালয়ের কনফারেন্স রুমে Aquaculture Development Project (AqDP) এর আওতায় পদক্ষেপ কনসোর্টিয়াম এর ৩৪ তম ত্রৈমাসিক পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন সংস্থার সম্মানিত প্রেসিডেন্ট এ. বি. এম. সিদ্দীক। সভায় পদক্ষেপ এর নির্বাহী পরিচালক মো: সালেহ বিন সামস, ক্ষুদ্র অর্থায়ন কর্মসূচি এবং প্রোগাম ও এন্টারপ্রাইজ উইং এর পরিচালক মুহম্মদ রিসালাত সিদ্দীক, AqDP প্রকল্পের সঙ্গে সম্পৃক্ত সহযোগী সংস্থা ফরিদপুর ডেভেলপমেন্ট এজেন্সী (এফডিএ) এর পরিচালক মো: আজহারুল ইসলাম, স্বেচ্ছাসেবী আর্থসামাজিক উন্নয়ন ও মানবিক কল্যান সংস্থা (দিশা) এর নির্বাহী পরিচালক মো: রবিউল ইসলাম, আত্মবিশ্বাস এর নির্বাহী পরিচালক মো: আকরামুল হক বিশ্বাস'সহ অন্যান্য সহযোগী সংস্থার প্রতিনিধিগণ উপস্থিত ছিলেন।

প্রকল্পের সমন্বয়কারী মো: রফিকুল ইসলাম এর উপস্থাপনায় সভার শুরুতে পদক্ষেপ কনসোর্টিয়াম এর পক্ষ থেকে পদক্ষেপ এর নির্বাহী পরিচালক সভায় উপস্থিত সকলকে স্বাগত ও নতুন বছর ২০২৩ সালের শুভেচ্ছা জানান। সভায় প্রকল্পের মেয়াদ ২০৩৮ সাল পর্যন্ত বর্ধিতকরণ এবং প্রকল্পের আওতায় গৃহীত ঋণ ও সার্ভিস পরিশোধ বিষয়ে আলোচনা এবং "পদক্ষেপ কনসোর্টিয়াম" এর সামগ্রিক কার্যক্রম পর্যালোচনা ও মূল্যায়ন করা হয়। আলোচনায় অংশ নিয়ে সহযোগী সংস্থার নির্বাহী প্রধানগণ প্রকল্পের মেয়াদ বর্ধিতকরণে পদক্ষেপ ও সংশ্লিষ্টদেরকে ধন্যবাদ গুরুত্বারোপ করেন। আত্মবিশ্বাস এর নির্বাহী পরিচালক বলেন, দীর্ঘ মেয়াদী পার্টনারশীপের উৎকৃষ্ট উদাহরণ "পদক্ষেপ কনসোর্টিয়াম" যা উক্ত প্রকল্পের কল্যাণে সম্ভব হয়েছে। পদক্ষেপ এর নির্বাহী পরিচালক এইড ফাউণ্ডেশন কর্তৃক গৃহীত ঋণ পরিশোধের বিষয়টি কিভাবে সমাধান করা যায় সে বিষয়ে সভায় উপস্থিত সকলের পরামর্শ চান এবং ১৫ জানুয়ারি ২০২৩ তারিখের পরে সুবিধাজনক সময়ে সকলে মিলে এইড ফাউণ্ডেশনে যাওয়া প্রস্তাব দেন এবং সকলে সমর্থন করেন। সভার সভাপতি মহোদয় বলেন, এনজিও পরিচালনার ক্ষেত্রে কনসোর্টিয়ামের যথেষ্ট গুরুত্ব রয়েছে। সেইসাথে কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে মতবিনিময় খুবই সহায়ক ভূমিকা পালন করে এবং কনসোর্টিয়াম এর সুবিধা হলো যে কোন ঝুঁকি ভাগাভাগি করা যায়। তিনি "পদক্ষেপ কনসোর্টিয়াম" এর সহযোগী সংস্থাসমূহ মিলে নতুন কোন এন্টারপ্রাইজ প্রতিষ্ঠা করা যায় কিনা সে বিষয়ে চিন্তা ভাবনা করার পরামর্শ দেন। তিনি বলেন, যে কোন সম্ভাবনাময় এন্টারপ্রাইজ পরিচালনা করতে হবে প্রফেশনাল জনবল দিয়ে, তা না হলে এন্টারপ্রাইজ টেকসহি হবে না।

উল্লেখ্য, পদক্ষেপ কনসোর্টিয়াম এর লিড এনজিও হিসাবে পদক্ষেপ মানবিক উন্নয়ন কেন্দ্র ২০০২ সাল থেকে দেশের দক্ষিণ-পশ্চিমাঞ্চলের ৮টি জেলার ৮টি স্থানীয় সহযোগী সংস্থার মাধ্যমে AqDP প্রকল্পের কার্যক্রম বাস্তবায়ন করছে। প্রকল্পটি দরিদ্র মৎস্য জীবি জনগোষ্ঠির জীবনমান উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে।

# প্রমোশন অব সেইফ স্ট্রিট ফুড ম্যানেজমেন্ট প্র্যাকটিসেস প্রকল্পের উদ্যোক্তাদের হোটেল/রেস্টুরেন্ট ও সাবান ফ্যাক্টরি পরিদর্শন



গত ২৩ জানুয়ারী ২০২৩ তারিখের পদক্ষেপ এর সাসটেইনেবল এন্টারপ্রাইজ প্রজেক্ট (এসইপি) এর প্রমোশন অব সেইফ স্ট্রিট ফুড ম্যানেজমেন্ট প্র্যাকটিসেস উপ-প্রকল্পের আওতায় রংপুর সদর ও সিও বাজার এলাকায় প্রকল্পের ক্ষুদ্র উদ্যোক্তাদের হোটেল/রেস্টুরেন্ট পরিদর্শন করেন ইউ.এ.ই বাংলাদেশ ইনভেস্টমেন্ট কোম্পানী লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক এম এম মোস্তফা বিলাল, হেড অফ ইনভেস্টমেন্ট ম্যানেজার আমিনুল হক এবং পদক্ষেপ এর অর্থ ও হিসাব বিভাগের যুগ্ম পরিচালক মোহাম্মদ সামসুজ্জামান।

পরিদর্শন কালে ক্ষুদ্র উদ্যোক্তাদের হোটেল ও রেস্টুরেন্টগুলোকে স্বাস্থ্যসম্মত উপায়ে খাবার প্রস্তুত, পরিবেশন, সংরক্ষণ এবং টেকসই পরিবেশ নিশ্চিত করার জন্য মালিকদেরকে সচেতন হওয়ার পরার্মশ দেন। এছাড়াও তাঁরা প্রকল্পের সাধারণ সেবার আওতায় ঘুড়ি বাটি বল সাবান ফ্যাক্টরি পরিদর্শন করেন এবং ক্ষুদ্র উদ্যোক্তাদের হোটেল ও রেস্টুরেন্টে ব্যবহৃত পোড়া তেল দিয়ে বল সাবান তৈরীর প্রস্তুত প্রনালী ও সার্বিক পরিবেশ নিয়ে সংশ্লিষ্ট কর্তপক্ষের সাথে মতবিনিময় করেন। এসময় অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন রংপুর জোনের জোনাল ম্যানেজার, এরিয়া ম্যানেজার, শাখা ব্যবস্থাপক ও প্রকল্পের কর্মকর্তাবৃন্দ।

# প্রমোশন অব সেইফ স্ট্রিট ফুড ম্যানেজমেন্ট প্র্যাকটিসেস প্রকল্পের ক্ষুদ্র উদ্যোক্তাদের অভিজ্ঞতা বিনিময়




পদক্ষেপ এর সাসটেইনেবল এন্টারপ্রাইজ প্রজেক্ট (এসইপি) এর উপ প্রকল্প প্রমোশন অব সেইফ স্ট্রিট ফুড ম্যানেজমেন্ট প্র্যাকটিসেস এর আওতায় গত ১৬ জানুয়ারি ২০২৩ তারিখে মোহাম্মদপুর এবং মিরপুর শাখার ১০ জন স্ট্রিট ফুড সদস্যদেরকে ঢাকা বসুন্ধরা সিটি শপিং মলের ফুড কোট পরিদর্শনে নিয়ে যাওয়া হয়। বিশ্ব ব্যাংকের অর্থায়নে ও পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এর সহযোগিতায় প্রজেক্ট ম্যানেজার আয়শা সিদ্দীকা'র নেতৃত্বে দিনব্যাপী ঢাকার বসুন্ধরা সিটি শপিং মলের ফুড কোটগুলো পরিদর্শন করা হয়। পরিদর্শনের মূল উদ্দেশ্য ছিলো, ক্ষুদ্র উদ্যোক্তাদের মধ্যে পারস্পরিক সম্পর্ক উন্নয়ন, আধুনিক ফুড কোট ও বিভিন্ন ধরনের ফাস্ট ফুড আইটেম সর্ম্পকে সুস্পস্ট ধারনা লাভ এবং তাদের কর্মক্ষেত্রে কৌশলগত দক্ষতা বৃদ্ধি করা। এসময় অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন পরিবেশ কর্মকর্তা মৌসুমি কর, টেকনিক্যাল অফিসার লিভা আক্তার, একাউন্টস এ্যান্ড প্রকিউরম্যান্ট অফিসার মোঃ রফিকুল ইসলাম প্রমূখ।

# প্রথমবারের মতো আন্তর্জাতিক বানিজ্য মেলায় পদক্ষেপ এর অংশগ্রহণ





গত ১ জানুয়ারি ২০২৩ তারিখ থেকে ঢাকার পূর্বাচলের ৪ নম্বর সেক্টরে বঙ্গবন্ধু বাংলাদেশ-চীন মৈত্রী এক্সিবিশন সেন্টারে (বিবিসিএফইসি) দ্বিতীয়বারের মতো বাণিজ্য মেলার আসর বসে। মাসব্যাপী ২৭ তম ঢাকা আন্তর্জাতিক বাণিজ্য মেলা ডিআইটিএফ-২০২৩ উদ্বোধন করেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা। উদ্বোধনী অনুষ্ঠানে বাণিজ্যমন্ত্রী টিপু মুনশির সভাপতিত্বে স্বাগত বক্তব্য রাখেন রপ্তানি উন্নয়ন ব্যুরোর ভাইস চেয়ারম্যান এএইচএম আহসান। বস্ত্র ও পাটমন্ত্রী গোলাম দস্তগীর গাজী (বীরপ্রতীক), সিনিয়র বাণিজ্য সচিব তপন কান্তি ঘোষ ও এফবিসিসিআই সভাপতি মো. জসিম উদ্দিন বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন। অনুষ্ঠানে দেশের রপ্তানি কার্যক্রমের ওপর একটি তথ্যচিত্র প্রদর্শন করা হয়। এবারের মেলায় সিঙ্গাপুর, ইন্দোনেশিয়া, কোরিয়া এবং ভারতসহ ১০টি দেশের ১৭টি প্রতিষ্ঠান অংশগ্রহণ করে। মেলায় দেশি বিদেশি মিলে মোট ৩৩১টি স্টল, প্যাভিলিয়ন ও মিনি প্যাভিলিয় ছিল। প্রতিদিন সকাল ১০টা থেকে রাত ৯টা পর্যন্ত মেলা চলে।

প্রথমবারের মতো আন্তর্জাতিক বানিজ্য মেলায় ১টি স্টল স্থাপনের মাধ্যমে পদক্ষেপ অংশগ্রহণ করে। মেলায় ফরেন প্যাভিলিয়ন জি.পি-০১ নাম্বার স্টলটি বরাদ্ধ নেয় পদক্ষেপ। বিশ্ব ব্যাংকের অর্থায়নে এবং পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এর সহযোগিতায় পদক্ষেপ কর্তৃক বাস্তবায়নাধীন সাসটেইনেবল এন্টারপ্রাইজ প্রজেক্ট (এসইপি) এর পরিবেশ বান্ধব বৈচিত্র্যময় হস্তশিল্প উপ-প্রকল্পের আওতায় স্টলটি বরাদ্ধ নেয়া হয়। স্টলে প্রকল্পের উদ্যোক্তাদের তৈরিকৃত বিভিন্ন পণ্য বিক্রয় ও প্রদর্শনের ব্যবস্থা করা হয়। মেলায় রপ্তানি উন্নয়ন ব্যুরো'র উপসচিব মাহমুদুল হাসান পদক্ষেপ এর স্টলটি পরিদর্শন করেন। তিনি পদক্ষেপ এর উদ্যোক্তাদের তৈরিকৃত বিভিন্ন পণ্যের প্রসংশা করেন এবং রপ্তানি বাজার প্রবেশাধিকার সম্পর্কে বিভিন্ন দিকনির্দেশনামূলক পরামর্শ দেন।

শীতের কারণে মেলার শুরুতে লোকসমাগম কম থাকলেও শেষের দিকে দর্শনার্থীদের পদচারণায় মুখর হয়ে ওঠে মেলা প্রাঙ্গণ। মেলায় প্রায় ৩০ লাখ দর্শনার্থীর উপস্থিতি এবং ১০০ কোটি টাকার বেচাকেনা হয়েছে বলে জানা গেছে। ব্যবসায়ীদের বাড়তি সময়ের আবেদন থাকলেও নির্ধারিত সময়েই মেলা শেষ করছে আয়োজক সংস্থা। মেলায় ক্রেতাদের সবচেয়ে বেশি আগ্রহ ছিল গৃহস্থালি বিভিন্ন পণ্যের দিকে। এর মধ্যে বিভিন্ন ধরনের প্লাস্টিক ও ইলেকট্রনিক পণ্যের চাহিদা ছিল বেশী। ৩১ জানুয়ারি সমাপনী অনুষ্ঠানের মধ্য দিয়ে পর্দা নামে ঢাকা আন্তর্জাতিক বাণিজ্য মেলার ২৭তম আসরের।

# আয় বর্ধনমুলক কর্মকান্ডের আওতায় অতিদরিদ্র সদস্যদের মাঝে ছাগল, হাঁস, মাছের পোনা ও বিভিন্ন উপকরণ বিতরণ







পদক্ষেপ এর পাথওয়েজ টু প্রসপারিটি ফর এক্স্ট্রিমলী পুওর পিপল (পিপিইপিপি) প্রকল্পের আওতায় অষ্টগ্রাম উপজেলার ৩টি ইউনিয়নে গত ৫ জানুয়ারি ২০২৩ তারিখে ছাগল পালনের জন্য নিঃস্ব অতিদরিদ্র সদস্যের ৩ জনকে ৬টি, অগ্রসরমান অতিদরিদ্র ৯ জন সদস্যকে ৩৬টি এবং প্রাগ্রসর ৩ জন সদস্যকে ১৮টি করে মোট ৬০টি ছাগল বিতরণ করা হয়। এই সময় সদস্যদের ছাগলের বাসস্থান, মাঁচা তৈরি এবং ঠাণ্ডাজনিত সমস্যা থেকে উত্তরণের জন্য দিক নির্দেশনা দেওয়া হয়।

এছাড়া উক্ত প্রকল্পের আওতায় গত ১৭ জানুয়ারি ২০২৩ তারিখে অষ্টগ্রাম উপ-প্রকল্প ইউনিটের বাঙ্গালপাড়া ও কাস্তুল ইউনিয়নের ১০ জন অগ্রসরমান, ৫ জন নিঃস্ব অতিদরিদ্র সদস্য ও ২ জন প্রাগ্রসর সদস্য'সহ মোট ১৭ জনের মাঝে ৩৩০টি ডিম পাড়া হাঁস বিতরণ করা হয়। এসময় হাঁসের ঘর তৈরি, প্রাথমিক পরিচর্যা, হাঁসের খাবার নিয়ে আলোচনার পাশাপাশি হাঁসের খাবারও বিতরণ করা হয়। একই তারিখে উক্ত প্রকল্পের আওতায় অষ্টগ্রাম উপজেলার বাঙ্গালপাড়া, পূর্ব অষ্টগ্রাম ও কাস্তুল ইউনিয়নে ফিশিং গিয়ার তৈরিতে উদ্যোক্তা তৈরি শীর্ষক আয়বর্ধনমুলক কর্মকাণ্ড বাস্তবায়নের জন্য অগ্রসরমান অতিদরিদ্র ৬ জন সদস্যকে ফিশিং গিয়ার তৈরির বিভিন্ন উপকরণ বিতরণ করা হয়।

পাশাপাশি ২১ জানুয়ারি ২০২৩ তারিখে অষ্টগ্রাম উপ-প্রকল্প ইউনিটের কাস্তুল ইউনিয়নের ২ জন অগ্রসরমান সদস্যের মাঝে জন প্রতি ২০টি করে মোট ৪০টি রাজ হাঁসের বাচ্চা বিতরণ করা হয়। বিতরণের সময় হাঁসের ঘর তৈরি, প্রাথমিক পরিচর্যা ও হাঁসের খাবার নিয়ে আলোচনা করা হয়।

এছাড়াও অষ্টগ্রাম উপজেলার পূর্ব অষ্টগ্রাম ইউনিয়নে গত ৩০ জানুয়ারি ২০২৩ তারিখে লিজকৃত পুকুরে এককভাবে মাছের মিশ্র চাষ শীর্ষক আয়বর্ধন-মুলক কর্মকাণ্ড বাস্তবায়নের জন্য প্রাগ্রসরমান ২ জন সদস্যের পুকুরে কার্প জাতীয় বিভিন্ন প্রজাতির মাছের পোনা ছাড়া হয়।

এফসিডিও এর অর্থায়নে ও পিকেএসএফ এর সহযোগিতায় উক্ত আয় বর্ধনমুলক কর্মকাণ্ডগুলোতে উপস্থিত ছিলেন অষ্টগ্রাম উপজেলার এরিয়া কোঅর্ডিনেটর মোঃ কামরুজ্জামান, কারিগরি কর্মকর্তা (জীবিকায়ন) মোঃ হাবিবুর রাহমান, সহকারি কারিগরি কর্মকর্তা মোঃ নাজমুল হক ও অন্যান্য কর্মকর্তাবৃন্দ।

# শীতার্তদের মাঝে পদক্ষেপ এর কম্বল বিতরণ





শীতের তীব্রতা বৃদ্ধির জন্য সুবিধাবঞ্চিত জনগোষ্ঠী অসহায় পরিস্থিতির মুখোমুখি হয়ে থাকে। আর শীতে বেশি কাবু হয় নিম্ন আয়ের মানুষ। একজন শীতার্ত মানুষের গায়ে একটি কম্বল দিতে পারা অনেক আনন্দের বিষয়। শীতার্ত অসহায় ও দুস্থ মানুষের উষ্ণতা দিতে সামাজিক দায়বদ্ধতা থেকে সবসময় পাশে থাকে পদক্ষেপ। এরই ধারাবাহিকতায় প্রায় ১৭ শতাধিক শীতার্ত ও হতদরিদ্র মানুষের মাঝে কম্বল বিতরণ করেছে পদক্ষেপ। এরমধ্যে পদক্ষেপ এর কিশোরগঞ্জ জেলার মিঠামইন উপজেলায় গত ২৩ জানুয়ারি ২০২৩ তারিখে ৭০০টি কম্বল এবং ২৫ জানুয়ারি সুনামগঞ্জ জেলার শাল্লা উপজেলায় ৭০০টি এবং গত ১৭ জানুয়ারি ২০২৩ তারিখে লালমনিরহাট জেলার পাটগ্রাম উপজেলায় অতিদরিদ্র শীতার্ত মানুষের মাঝে ২৬০টি কম্বল বিতরণ করা হয়।

পিকেএসএফ এর সহযোগীতায় এরমধ্যে মিঠামইন উপজেলায় কম্বল বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন মহামান্য রাষ্ট্রপতির ছোট বোন ও উপজেলা চেয়ারম্যান আলহাজ্ব আছিয়া আলম এবং বিশেষ অতিথি ছিলেন মিঠামইন উপজেলা নির্বাহী অফিসার আব্দুল্লাহ আল মামুন ও মিঠামইন থানার অফিসার ইনচার্জ কলিন্দ্র নাথ গোলদার, ঘোপদীঘি ইউপি চেয়ারম্যান মোঃ আনোয়ার হোসেন প্রমুখ।

অপরদিকে শাল্লা উপজেলায় কম্বল বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন শাল্লা উপজেলা নির্বাহী অফিসার আবু তালেব এবং বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন শাল্লা উপজেলার সমাজসেবা অফিসার বিশ্বপ্রতি নাথ,শাল্লা ইউপি সদস্য গীতা রানী ও শাল্লা থানার এসআই মোঃ আনোয়ার হোসেন। অনুষ্ঠান দুটিতে পদক্ষেপ এর প্রধান কার্যালয়ের সিনিয়র সহকারী পরিচালক ও রিজিওনাল ম্যানেজার মোঃ শফিকুল ইসলাম প্রমুখ।

পাটগ্রাম উপজেলায় কম্বল বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপজেলা ভাইস চেয়ারম্যান মোফাজ্জল হোসেন নিপু এবং বিশেষ অতিথি হিসেবে রাজনীতিবিদ ও সমাজসেবক মোঃ খায়রুল আলম ও আবদুল্লা আল মামুন, পদক্ষেপ এর প্রধান কার্যালয়ের সিনিয়র সহকারী পরিচালক ও রিজিওনাল ম্যানেজার মোঃ মোস্তাফিজুল গনি, রংপুর জোনের সহকারী পরিচালক ও জোনাল ম্যানেজার ফখরুল আহমেদ, পাটগ্রাম ও রংপুর এরিয়ার সিনিয়র ব্যবস্থাপক ও এরিয়া ম্যানেজার মোঃ ময়নুল ইসলাম উপস্থিত ছিলেন।

উক্ত কম্বল বিতরণ অনুষ্ঠানগুলোতে অন্যান্যের মধ্যে স্থানীয় সাংবাদিক ও গণ্যমান্য ব্যক্তিবর্গ এবং সংস্থার সংশ্লিষ্ট কর্মীবৃন্দ উপস্থিত ছিলেন। অনুষ্ঠানগুলোতে অতিথিবৃন্দ পদক্ষেপ এর ভূয়সী প্রশংসা করেন এবং এধরনের জনসেবামূলক কার্যক্রম অব্যহত রাখার আহবান জানান।

# পিপিইপিপি প্রকল্পের মৎস্য চাষ, ফসল চাষ ও প্রাণিসম্পদ বিষয়ক ৩টি মাঠ দিবস অনুষ্ঠিত





পদক্ষেপ এর পাথওয়েজ টু প্রসপারিটি ফর এক্সট্রিমলী পুওর পিপল (পিপিইপিপি) প্রকল্পের আওতায় অষ্টগ্রাম উপ-প্রকল্প ইউনিটের জীবিকায়ন কম্পনেন্টের আওতায় অতিদরিদ্র পরিবারের মাঝে ৩টি মাঠ দিবস অনুষ্ঠিত হয়েছে। এরমধ্যে গত ২১ জানুয়ারি ২০২৩ তারিখে কাস্তুল ইউনিয়নের ৮০ জন সদস্যকে নিয়ে মৎস্য চাষ সম্পর্কিত ১টি মাঠ দিবস অনুষ্ঠিত হয়। উক্ত মাঠ দিবসে সফল চাষির সফলতার গল্প তুলে ধরা হয় এবং সফল মৎস্য চাষিরা কিভাবে মাছ চাষ করে লাভবান হতে পারে সেই বিষয়গুলি সকলের সামনে উপস্থাপন করা হয়।







এছাড়া গত ২৫ জানুয়ারি ২০২৩ তারিখে পূর্ব অষ্টগ্রাম ইউনিয়নে ৮০ সদস্যকে নিয়ে ফসল চাষ সম্পর্কিত ১টি মাঠ দিবস অনুষ্ঠিত হয়। উক্ত অনুষ্ঠানে অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা কৃষি অফিসার জনাব মোঃ আব্দুল মতিন। তিনি চাষীদের ফসল উৎপাদনের বিভিন্ন কলা কৌশল ও আগাম ফসল উৎপাদনের মাধ্যমে উচ্চ মূল্যে বাজারে বিক্রয়ের মাধ্যমে বেশী লাভের সুযোগের বিষয়ে সকলকে উদ্বুদ্ধ করেন।

পাশাপাশি ৩০ জানুয়ারি ২০২৩ তারিখে বাঙ্গালপাড়া ইউনিয়নে ৮০ সদস্যকে নিয়ে প্রাণিসম্পদ সম্পর্কিত আরও ১টি মাঠ দিবস অনুষ্ঠিত হয়েছে। উক্ত মাঠ দিবসে সফল খামারিদের সফলতার গল্প তুলে ধরা হয় এবং সফল খামারিরা কিভাবে খামার করে লাভবান হওয়া যায় এই বিষয়গুলি সকলের সামনে উপস্থাপন করা হয় ।

এফসিডিও এর অর্থায়নে ও পিকেএসএফ এর সহযোগিতায় উক্ত মাঠ দিবসগুলোতে অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন ফসল চাষ সম্পর্কিত সফল কৃষাণীবৃন্দ, পদক্ষেপ এর এরিয়া কোঅর্ডিনেটর মোঃ কামরুজ্জামান, কারিগরি কর্মকর্তা (জীবিকায়ন) মোঃ হাবিবুর রাহমান, সিবিও মনিটরিং অফিসার মোঃ সোহেল রানা দিপু, সহকারি কারিগরি কর্মকর্তা (পুষ্টি) নিকাশ চন্দ্র সরকার, সহকারী কারিগরি কর্মকর্তা (জীবিকায়ন) মোঃ নাজমুল হক প্রমুখ।

# খাদ্য প্রক্রিয়াকরণ ও ব্যবস্থাপনা বিষয়ে উদ্যোক্তাদের প্রশিক্ষণ





গত ২০ জানুয়ারি ২০২৩ তারিখের পদক্ষেপ এর সাসটেইনেবল এন্টারপাইজ প্রজেক্ট (এসইপি) এর আওতায় প্রমোশন অব সেইফ স্ট্রিট ফুড ম্যানেজমেন্ট প্র্যাকটিসেস উপ-প্রকল্পের মোহাম্মদপুর ও মিপুর শাখার কর্মএলাকার ক্ষুদ্র উদ্যোক্তাদের মধ্যে হোটেল ব্যবসায়ীদের সাথে ১ দিনের "ট্রেনিং অব চীফ শেফ অন ফুড প্রসেসিং এ্যান্ড ম্যানেজমেন্ট" বিষয়ে একটি প্রশিক্ষণের আয়োজন করা হয়।

বিশ্ব ব্যাংকের অর্থায়নে এবং পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এর সহযোগিতায় প্রশিক্ষণটি Tony Khan Institute of Skill Development (TKISD) মোহাম্মদপুর রিং রোডে অনুষ্ঠিত হয়। এতে প্রধান শেফ হিসেবে প্রশিক্ষণ প্রদান করেন টনি খান। সেশনের ১ম পর্যায়ে প্রশিক্ষণে উপস্থিত সকলের সাথে পরিচিতি শেষে স্বাগত বক্তব্য রাখেন সহকারী পরিচালক ও প্রজেক্ট ম্যানেজার আয়শা সিদ্দীকা। তিনি প্রকল্পের উদ্দেশ্য ও লক্ষ্য বর্ণনা করেন। প্রশিক্ষণটিতে টনি খান স্বাস্থ্য সুরক্ষা ও স্বাস্থ্যবিধি নিয়ে বিস্তারিত আলোচনা করেন এবং রান্না ঘরের স্বাস্থ্যবিধিকে মূলত ৩ ধাপে অর্থাৎ কর্মক্ষেত্রের স্বাস্থ্যবিধি, ব্যক্তিগত ও খাদ্য স্বাস্থ্যবিধি বজায় রাখার প্রয়োজনীয়তার কথা বলেন। এছাড়াও বিভিন্ন ধরনের খাবার রান্না করা, খাবারের পুষ্টিমান নিশ্চিত করা, রান্না ঘরের পরিস্কার পরিচ্ছন্নতা বজায় রাখা, নতুন রেসিপি নিয়ে কাজ করা, খাবারের মেন্যু তৈরি, রান্নাঘরের উপকরণ ব্যবস্থাপনা, খাবার পরিবেশনকারীদের প্রয়োজনীয় নির্দেশনা'সহ পারফেক্ট রান্নার কিছু টিপস প্রদান করেন। তিনি বলেন, খাবার কেবল সুস্বাদু হলেই তাকে ভালো রান্না বা ভালো খাবার বলা যায় না, পুষ্টিমানটাও গুরুত্বপূর্ণ এবং পুষ্টিকর ও সুস্বাদু রান্নাই হলো প্রকৃত রান্না।

সেশনের ২য় পর্যায়ে বিভিন্ন ধরনের রেসিপি'র কলাকৌশল, খাবার পরিবেশনের ওপর কিভাবে ভালো দক্ষতা বাড়ানো যায়, মশলা ও উপাদান সম্পর্কে ভালো জ্ঞান রাখা, কম সময়ে নির্দিষ্ট বাজেটের মধ্যে কিভাবে ভালো খাবার রান্না করার দক্ষতা বাড়ানো যায়, খাবারের পুষ্টি নিয়ে ভালো জ্ঞান থাকা ও নতুন রেসিপি নিয়ে কাজ করার দক্ষতার উপর বিস্তারিত আলোচনা করা হয়। এছাড়া ছুরি ও কাটিং এর কৌশল, পরিবেশন, বর্জ্য ব্যবস্থাপনা এবং খাবার সংরক্ষণের নিয়ম নিয়ে আলোচনা করেন শেফ কাজী মিজনুর রহমান পিয়াস এবং প্রশিক্ষণে ক্ষুদ্র উদ্যোক্তাদেরকে সুস্বাদু ও স্বাস্থ্য সম্মত উপায়ে কিভাবে রান্না করবে সেটি হাতে কলমে প্রশিক্ষণ দেন। পরবর্তীতে প্রত্যেক ক্ষুদ্র উদ্যোক্তা হাতে কলমে প্র্যাকটিস করেন। উক্ত প্রশিক্ষণটিতে সার্বিক সহায়তা করেন প্রকল্পের পরিবেশ কর্মকর্তা মৌসুমি কর, টেকনিক্যাল অফিসার লিভা আক্তার এবং ডকুমেন্টেশন ও মনিটরিং অফিসার মো: মোস্তাফিজার রহমান। প্রশিক্ষণটিতে নিরাপদ খাবার নিশ্চিকরণের লক্ষ্যে সকলকে সচেতন হওয়ার পরামর্শ এবং অংশগ্রহণকারী সকল উদ্যোক্তাদের সার্টিফিকেট প্রদানের মধ্য দিয়ে প্রশিক্ষণটি সমাপ্তি করা হয়।

# পিপিইপিপি প্রকল্পের সিএনএইচপি কর্মকর্তাদের প্রশিক্ষণ






পদক্ষেপ দেশের হাওর এলাকার সুবিধা বঞ্চিত দরিদ্র জনগোষ্ঠির ভাগ্যোন্নয়নের লক্ষ্যে দীর্ঘদিন ধরে কাজ করে যাচ্ছে। এরই ধারাবাহিকতায় গত ১১ জানুয়ারি ২০২৩ তারিখে পদক্ষেপ এর পাথওয়েজ টু প্রসপারিটি ফর এক্সট্রিমলী পুওর পিপল (পিপিইপিপি) প্রকল্পের অষ্টগ্রাম উপ-প্রকল্প ইউনিটে নিউট্রিশন কম্পোনেন্টের আওতায় টেকনিক্যাল ওরিয়েন্টেশন অন নিউট্রিশন এ্যাড প্রাইমারি হেলথ কেয়ার (পিএইচসি) প্রশিক্ষণের আয়োজন করা হয়। অষ্টগ্রাম এরিয়া অফিসে (কাজীপাড়া, অষ্টগ্রাম, কিশোরগঞ্জ) সালমা বেগম (কাস্তুল), রতিবালা দাস (পুর্ব-অষ্টগ্রাম) এবং মমতাজ বেগম (বাঙ্গালপাড়া) ইউনিয়নের ৩ জন কমিউনিটি নিউট্রিশন এ্যান্ড হেলথ প্রমোটর (সিএনএইচপি)'দের নিয়ে এ প্রশিক্ষণের আয়োজন করা হয়। প্রশিক্ষণটিতে প্রশিক্ষক হিসেবে উপস্থিত ছিলেন কারিগরি কর্মকর্তা (পুষ্টি) এর সুজন আহমেদ এবং সহকারি কারিগরি কর্মকর্তা নিকাশ চন্দ্র সরকার।



দিনব্যাপী এই প্রশিক্ষণে প্রকল্পের পুষ্টি কম্পোনেন্টের লক্ষ্য ও উদ্দেশ্য এবং কর্মকৌশল, খাদ্য, পুষ্টি ও অপুষ্টির মৌলিক ধারণা, মাঠ পর্যায়ে হাতে কলমে ব্যক্তির পুষ্টির অবস্থা পরিমাপ যেমন- ওজন, উচ্চতা, বিএমআই, জিএমপি, মুয়াক, ইডিমা ইত্যাদি শেখানো হয়। শিশুর সোনালী ১ হাজার দিনের গুরুত্ব, প্রত্যক্ষ পুষ্টি কার্যক্রম, পুষ্টি সংবেদনশীল কার্যক্রম এবং তৃণমূল পুষ্টি অ্যাডভোকেসির মাধ্যমে যেমন খানা পর্যায়ে স্বাস্থ্যসেবার অধিগম্যতা ও পুষ্টিগত অধিকার নিশ্চিতকরণ এবং সিএনএইচপি'দের কর্মপরিধি, এমআইএস এবং আইআইএস রিপোর্ট নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়। প্রশিক্ষণ শেষে সিএনএইচপিদের মাঝে সার্টিফিকেট প্রদান করা হয়। এ প্রশিক্ষণের মাধ্যমে খানা পর্যায়ে পুষ্টি, স্বাস্থ্য ও স্যানিটেশনের সেবার মান আরও উন্নত হবে বলে সকলে আশা প্রকাশ করেন। এফসিডিও এর যৌথ অর্থায়নে এবং পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এর সহায়তায় পাথওয়েজ টু প্রসপারিটি ফর এক্সট্রিমলি পুওর পিপল (পিপিইপিপি) প্রকল্পটি ২০২০ সাল থেকে পদক্ষেপ কিশোরগঞ্জ জেলার নিকলী, মিঠামইন, অষ্টগ্রাম ও সুনামগঞ্জ জেলার শাল্লা এবং হবিগঞ্জ জেলার আজমীরিগঞ্জ উপজেলায় বাস্তবায়ন করছে।

# উপজেলা পুষ্টি সমন্বয় কমিটি'র সাথে পিপিইপিপি প্রকল্পের পুষ্টি কার্যক্রম বাস্তবায়ন অভিজ্ঞতা ও শিখন বিনিময় সভা



পদক্ষেপ এর পাথওয়েজ টু প্রসপারিটি ফর এক্সট্রিমলী পুওর পিপল (পিপিইপিপি) প্রকল্পের আওতায় অষ্টগ্রাম উপ-প্রকল্প ইউনিটে নিউট্রিশন কম্পোনেন্টের মাধ্যমে উপজেলা পরিষদ অষ্টগ্রামে গত ১৮ জানুয়ারি ২০২৩ তারিখে উপজেলা পুষ্টি সমন্বয় কমিটি (ইউএনসিসি) এর সাথে "পিপিইপিপি প্রকল্পের পুষ্টি কার্যক্রম বাস্তবায়ন অভিজ্ঞতা ও শিখন বিনিময় সভা" এর আয়োজন করা হয়। পিপিইপিপি প্রকল্পের পুষ্টি কম্পোনেন্টের উদ্দেশ্য হচ্ছে অতি দরিদ্র খানার ০-৫৯ মাসের শিশু, গর্ভবতী নারী, প্রসুতি নারী, কিশোর, কিশোরী, প্রবীণ এবং প্রতিবন্ধী সদস্যের পুষ্টি ও স্বাস্থ্যের মানোন্নয়নে কাজ করা। একই সাথে প্রকল্পের কর্মএলাকায় সরকারীভাবে বিদ্যমান জাতীয় পুষ্টি সেবার সাথে অন্তর্ভুক্ত সেবা সমূহে অতি দরিদ্র জনগোষ্ঠীর অভিগম্যতা বৃদ্ধি করা। পাশাপাশি জাতীয় পর্যায়ে পরিচালিত জাতীয় ভিটামিন-এ প্লাস ক্যাম্পেইন, বিশ্ব মাতৃদুগ্ধ সপ্তাহ পালন, ক্রিমি নিয়ন্ত্রন সপ্তাহ পালন'সহ সরকারী বিভিন্ন কার্যক্রমে অংশগ্রহণ করে প্রকল্পের সদস্যদের সেবা প্রাপ্তি নিশ্চিত করা।

এফসিডিও এর অর্থায়নে ও পিকেএসএফ এর সহযোগিতায় সভাটি উপস্থাপনা করেন কারিগরি কর্মকর্তা (পুষ্টি) সুজন আহমেদ। সভায় উপজেলা পুষ্টি সমন্বয় কমিটি (ইউএনসিসি) এর সদস্যদের মাঝে প্রকল্পের পুষ্টি কম্পোনেন্টের লক্ষ্য ও উদ্দেশ্য এবং কর্মকৌশল, শিশুর সোনালী ১ হাজার দিনের গুরুত্ব, প্রত্যক্ষ পুষ্টি কার্যক্রম, পুষ্টি সংবেদনশীল কার্যক্রম, পুষ্টি কার্যক্রম বাস্তবায়নের অভিজ্ঞতা ও শিখন এবং উপজেলা স্বাস্থ্য কেন্দ্রের মাধ্যমে অতি দরিদ্র খানার স্বাস্থ্যসেবার অধিগম্যতা ও পুষ্টিগত অধিকার নিশ্চিতকরণ নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়। সভায় উপজেলা নির্বাহী অফিসার মোঃ হারুন অর রশিদ এর সভাপতিত্বে প্রধান উপদেষ্টা হিসেবে উপজেলা পরিষদ চেয়ারম্যান শহীদুল ইসলাম (জেমস) এবং সদস্য সচিব হিসেবে অষ্টগ্রাম উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা. মোহাম্মদ ওমর খসরু উপস্থিত ছিলেন। এছাড়া উপজেলা ভাইস চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান, উপজেলার অন্যান্য সরকারী কর্মকর্তাবৃন্দ, শিক্ষক, সাংবাদিক, কমিউনিটি সাপোর্ট গ্রুপ প্রতিনিধি, এনজিও প্রতিনিধি'সহ পদক্ষেপ এর কারিগরি ও সহকারি কারিগরি কর্মকর্তাবৃন্দ, সংশ্লিষ্ট এরিয়ার এরিয়া ও ব্রাঞ্চ ম্যানেজার ও সকল সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন।

# অপুষ্ট শিশুর জন্য উচ্চমান ও ক্যালরি সমৃদ্ধ পুষ্টিকর সম্পূরক খাবার তৈরীর উপকরণ প্রদান





বাংলাদেশের শিশু অপুষ্টির প্রধান কারণগুলোর মধ্যে অন্যতম একটি কারণ হলো ৬-২৩ মাস বয়সী শিশুর অপর্যাপ্ত পুষ্টিকর খাদ্য গ্রহণ। আমাদের দেশের বেশিরভাগ শিশু অপুষ্টি এবং রোগ সংক্রমণের প্রতি ঝুকিপুর্ণ যা শিশু মৃত্যুর জন্য দায়ী। শিশুর অপুষ্টি এবং মৃত্যুর হার কমানোর লক্ষ্যে এফসিডিও এর অর্থায়নে ও পিকেএসএফ এর সহযোগিতায় পদক্ষেপ এর পাথওয়েজ টু প্রসপারিটি ফর এক্সট্রিমলী পুওর পিপল (পিপিইপিপি) প্রকল্পের আওতায় অষ্টগ্রাম উপ-প্রকল্প ইউনিটে নিউট্রিশন কম্পোনেন্টের মাধ্যমে গত ২৫ জানুয়ারি ২০২৩ তারিখে পূর্ব অষ্টগ্রাম, কাস্তুল এবং বাঙালপাড়া ইউনিয়নের ৯ জন অপুষ্ট (ম্যাম) শিশুর জন্য উচ্চমান ও ক্যালরি সমৃদ্ধ পুষ্টিকর সম্পূরক খাবার যেমন-পুষ্টি খিচুড়ি ও পুষ্টি হালুয়া তৈরীর উপকরণ প্রদান করা হয়। উপকরণ প্রদানের পূর্বে মা'দের মাঝে পুষ্টি খিচুড়ি ও পুষ্টি হালুয়ার রেসিপি ও রন্ধন প্রণালী বর্ণনা করা হয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন অষ্টগ্রাম এরিয়ার এরিয়া ম্যানেজার মোঃ কামরুজ্জামান, কারিগরি কর্মকর্তা মোঃ হাবিবুর রহমান, মো: মাঈন উদ্দিন ভূঁইয়া, নিকাশ চন্দ্র সরকার এবং ৩ ইউনিয়নের সিএনএইসপিবৃন্দ। উল্লেখ্য যে, শিশুকে মায়ের বুকের দুধের পাশাপাশি বাড়তি সম্পূরক খাবার প্রদানে শিশুর জীবন রক্ষা পাবে এবং পরবর্তী জীবনে পর্যাপ্ত মানসিক বৃদ্ধি ও শারিরিক বর্ধনে সহায়তা করবে।

# ল্যাবএইড ও পদক্ষেপ এর মধ্যে কর্পোরেট চুক্তি সম্পাদন এবং যৌথ উদ্যোগে ক্যান্সার বিষয়ক সচেতনতামূলক কর্মশালা অনুষ্ঠিত



ল্যাব এইড ক্যান্সার হাসপাতাল এবং পদক্ষেপ এর যৌথ উদ্যোগে ক্যান্সার বিষয়ক সচেতনতা, বাংলাদেশে ক্যান্সারের আধুনিক চিকিৎসা ব্যবস্থাপনা, স্তন ক্যান্সার, শ্বাসতন্ত্রের ক্যান্সার, জরায়ু'র ক্যান্সার, দীর্ঘস্থায়ী কিডনী রোগ সম্পর্কে সচেতনতা, স্ক্রিনিং ও প্রতিরোধ, মানসিক স্বাস্থ্য এবং ডায়াবেটিক বিষয়ক সচেতনতা সম্পর্কিত একটি কর্মশালা ও হেলথ ক্যাম্প গত ৪ জানুয়ারী ২০২৩ তারিখে অনুষ্ঠিত হয়। পদক্ষেপ পিআইডিএম এ অনুষ্ঠিত কর্মশালায় পদক্ষেপ এবং ল্যাব এইড এর মধ্যে একটি কর্পোরেট চুক্তি সম্পাদিত হয়। উক্ত চুক্তি সম্পাদনের ফলে পদক্ষেপ এ কর্মরত সকল কর্মী এবং তার পরিবারের বাবা-মা, স্বামী-স্ত্রী ও সন্তানগণ বিভিন্ন সুযোগ সুবিধা প্রাপ্ত হবেন। এরমধ্যে উল্লেখযোগ্য হলো- সংস্থায় কর্মরত সকল কর্মী এবং তার পরিবার ল্যাবএইড এর তালিকাভুক্ত সকল হাসপাতাল ও ডায়োগোনস্টিক সেন্টার হতে বিভিন্ন ধরণের প্যাথোলজিক্যাল ও বায়োকেমিস্ট্রি পরীক্ষার ক্ষেত্রে সর্বোচ্চ ২৫% এবং এক্সরে, সিটি স্ক্যান, এমআরআই, ইসিজি, আল্ট্রাসনোগ্রাফি, ইকো-কার্ডিয়োগ্রফী'র ক্ষেত্রে ১৫% ও হসপিটালে ভর্তি হলে বেড চার্জের উপর ১০% ডিসকাউন্ট পাবেন। এছাড়া কর্পোরেট সুবিধা হিসেবে ৫,৫০০ টাকায় এক্সিকিউটিভ হেলথ চেকআপ ও ক্যান্সার স্ক্রিনিং পুরুষদের ক্ষেত্রে ১০ হাজার এবং মহিলাদের ক্ষেত্রে ১৭ হাজার টাকায় সম্পন্ন করতে পারবেন। তবে সেবা গ্রহণের সময় অবশ্যই সংস্থার আইডি কার্ড প্রদর্শণ করতে হবে বলে কর্মশালায় জানানো হয়।

# পিপিইপিপি প্রকল্পের ফসল চাষ ভিত্তিক ২টি প্রশিক্ষণ অনুষ্ঠিত





পদক্ষেপ এর পাথওয়েজ টু প্রসপারিটি ফর এক্সট্রিমলী পুওর পিপল (পিপিইপিপি) প্রকল্পের জীবিকায়ন কম্পনেন্টের আওতায় কৃষিজ বিষয়ক ফসল চাষভিত্তিক ২টি প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে। এরমধ্যে গত ২২ জানুয়ারি ২০২৩ তারিখে অষ্টগ্রাম উপ-প্রকল্প ইউনিটের কাস্তুল ইউনিয়নে ১টি ও ২৫ জানুয়ারি ২০২৩ তারিখে পূর্ব অষ্টগ্রাম ইউনিয়নে ১টি প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। কাস্তুল ইউনিয়নে “ঘাত সহনশিল/উচ্চ-ফলনশীল জাতের ফসল চাষ” এর উপর ২ দিন ব্যাপী অনুষ্ঠিত প্রশিক্ষণে প্রশিক্ষক হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা কৃষি কর্মকর্তা মোহাম্মদ আব্দুল মতিন। প্রশিক্ষণে প্রকল্পের অতিদরিদ্র পরিবারের ২৫ জন সদস্য অংশগ্রহণ করেন। প্রশিক্ষণে বিভিন্ন ঘাত সহনশিল /উচ্চফলনশীল জাতের ফসল চাষ বিষয়ে আলোচনা করা হয়।

পাশাপাশি অষ্টগ্রাম ইউনিয়নে “উচ্চ মূল্যে নিরাপদ সবজি চাষ” বিষয়ক ২ দিন ব্যাপী প্রশিক্ষণে প্রশিক্ষক হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা কৃষি কর্মকর্তা মোহাম্মদ বেলায়েত হোসেন। প্রশিক্ষণে প্রকল্পের অতিদরিদ্র পরিবারের ২৫ জন সদস্য অংশগ্রহণ করেন। প্রশিক্ষণে বিভিন্ন শীতকালীন সবজি চাষ বিষয়ে আলোচনা করা হয়। প্রশিক্ষণে অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন অষ্টগ্রাম উপজেলার এরিয়া কোঅরডিনেটর মোঃ কামরুজ্জামান, কারিগরি কর্মকর্তা (জীবিকায়ন) মোঃ হাবিবুর রাহমান, সহকারি কারিগরি কর্মকর্তা মোঃ নাজমুল হক প্রমূখ।

# 'বঙ্গবন্ধু উচ্চশিক্ষা বৃত্তি'র নবায়নকৃত শিক্ষার্থীদের নামের তালিকা ঘোষণা

'বঙ্গবন্ধু উচ্চশিক্ষা বৃত্তি' কার্যক্রমের আওতায় এ পর্যন্ত সংস্থার বিভিন্ন কর্মসূচির আওতাভুক্ত সদস্য এবং সংস্থায় কর্মরত কর্মীদের মোট ৩২ জন মেধাবী সন্তানকে পদক্ষেপ কর্তৃক এ পর্যন্ত সর্বমোট ১৬.০৪ লক্ষ টাকার বৃত্তি প্রদান করা হয়েছে। উক্ত শিক্ষার্থীদের মধ্যে শিক্ষাবর্ষ/সেমিস্টার/ফেইজ অনুসারে ১৫ জন শিক্ষার্থীর বৃত্তি নবায়নযোগ্য হওয়ায় তাদের আবেদনের ভিত্তিতে নবায়নের সকল শর্ত পূরণ সাপেক্ষে সম্প্রতি তাদের বৃত্তি নবায়ন করা হয়েছে। মনোনীত শিক্ষার্থীদের বৃত্তির টাকা শিক্ষার্থীদের ব্যক্তিগত ব্যাংক একাউন্টে বৃত্তির টাকা প্রদান করা হবে। শিক্ষার্থীদের প্রতি শিক্ষাবর্ষ/সেমিস্টার/ফেইজ শেষে শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত সর্বশেষ মূল্যায়নপত্র'সহ আবেদনের প্রেক্ষিতে বৃত্তি নবায়ন কার্যক্রম চলমান থাকবে। নবায়নকৃত বৃত্তিপ্রাপ্ত ১৫ জন শিক্ষার্থী হলো, চট্টগ্রাম উত্তর জোন থেকে দ্বিতীয় দফায় জহিরুল ইসলাম, জান্নাতুলনেছা লাকি, মেমোরী চাকমা, নিপা আক্তার; যশোর জোন থেকে মোঃ রুমনুজ্জামান, সাদিয়া আফরোজ, শান্তা ইসলাম; বি-বাড়িয়া জোন থেকে মোঃ তানহীর হোসাইন ও উজ্জল হোসেন। তৃতীয় দফায় যশোর জোন থেকে মোসাঃ মাহবুবা সুলতানা লুনা; রংপুর জোন থেকে রিফাত নুর মোহনা; ময়মনসিংহ জোন থেকে মনিরা আক্তার ও মোঃ রোকনুজ্জামান রনি এবং রাজশাহী জোন থেকে মোঃ রকিবুল ইসলাম।

উল্লেখ্য, পদক্ষেপ এর সাথে সম্পৃক্ত সদস্য এবং সংস্থার সকল পর্যায়ে কর্মরত কর্মী/কর্মকর্তাদের মেধাবী সন্তানদেরকে বৃত্তি প্রদানের জন্য ২০২১ সালের জুলাই থেকে পদক্ষেপ “বঙ্গবন্ধু উচ্চশিক্ষা বৃত্তি” চালু করে।

# ব্যবসায়িক ছাড়পত্রের জন্য অ্যাডভোকেসি সভা



“ব্যবসা হোক নতুন উদ্যমে’’ এই শ্লোগানকে সামনে রেখে গত ২৫ নভেম্বর ২০২৩ তারিখে রংপুর সদর ও সিও বাজার শাখার ক্ষুদ্র উদ্যোক্তাদের নিয়ে দিনব্যাপী ব্যবসায়িক ছাড়পত্রের জন্য অ্যাডভোকেসি সভার আয়োজন করা হয়। বিশ্ব ব্যংক ও পিকেএসএফ এর সহায়তায় পদক্ষেপ এর সাসটেইনেবল এন্টারপ্রাইজ (এসইপি) এর প্রমোশন অব সেইফ স্ট্রিট ফুড ম্যানেজমেন্ট প্র্যাকটিসেস উপ-প্রকল্পের সভাটি পদক্ষেপ হস্তশিল্প এর ডিজাইন ডেভেলপমেন্ট সেন্টারে অনুষ্ঠিত হয়। সভায় ট্রেড লাইসেন্স কী, ট্রেড লাইসেন্স কেন গুরুত্বপূর্ণ ও এর প্রয়োজনীয়তা, কীভাবে ট্রেড লাইসেন্স করতে হয় ও এর নবায়ন সম্পর্কে ধারণা প্রদান, ট্রেড লাইসেন্স করার জন্য প্রয়োজনীয় কাগজপত্র কি কি, লাইসেন্স করার জন্য কোথায় যেতে হবে, লাইসেন্স করতে কতো টাকা ফি লাগে, ট্রেড লাইসেন্স নবায়ন করার নিয়ম কি ইত্যাদি বিষয়ে আলোচনা করা হয়। এ সভার মাধ্যমে ক্ষুদ্র উদ্যোক্তাগন ট্রেড লাইসেন্স সম্পর্কে অবগত হবেন ও লাইসেন্স করতে আগ্রহ প্রকাশ করবে। অংশগ্রহণকারীদের সক্রিয় অংশগ্রহণের মাধ্যমে সভাটি প্রাণবন্ত হয়ে ওঠে এবং সকলে সুচিন্তিত মতামত ব্যক্ত করেন। উদ্যোক্তাদের সক্ষমতার বৃদ্ধির উদ্যোগ গ্রহণের জন্য এ ধরনের সভার আয়োজন করায় সকলে পদক্ষেপ এর ভূয়শী প্রশংসা করেন।

যে কোন ব্যবসার জন্য ট্রেড লাইসেন্স একটি প্রয়োজনীয় ডকুমেন্ট। আমাদের দেশে অনেকেই এর গুরুত্ব সর্ম্পকে অবগত নয় বা গুরুত্ব দেয় না। তাই সঠিক ও বৈধভাবে যে কোন ব্যবসা পরিচালনায় ট্রেড লাইসেন্স এর কোন বিকল্প নেই। যাদের ট্রেড লাইসেন্স নেই তাদেরকে লাইসেন্স করতে এবং মেয়াদ শেষে নবায়ন করার আহব্বান জানায় টেকনিক্যাল অফিসার ননী গোপাল রায়। উক্ত সভাটি সঞ্চালনা করেন ডকুমেন্টেশন ও মনিটরিং অফিসার মো: মোস্তাফিজার রহমান।

# পিপিইপিপি প্রকল্পের প্রানী সম্পদ ভিত্তিক ২টি প্রশিক্ষণ অনুষ্ঠিত




পদক্ষেপ এর পাথওয়েজ টু প্রসপারিটি ফর এক্সট্রিমলী পুওর পিপল (পিপিইপিপি) প্রকল্পের অষ্টগ্রাম উপ-প্রকল্পের জীবিকায়ন কম্পনেন্টের আওতায় ২টি প্রানী সম্পদ ভিত্তিক প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে। এরমধ্যে গত ১৬ জানুয়ারি ২০২৩ তারিখে কাস্তুল ইউনিয়নে অতিদরিদ্র পরিবারের ২৫ জন সদস্যকে "মৎস্য চাষ ভিত্তিক উন্নত ব্যবস্থাপনায় মৎস্য চাষ" এর উপর দুই দিনব্যাপী প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। উক্ত প্রশিক্ষণে প্রশিক্ষক হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা কৃষি কর্মকর্তা মোঃ আব্দুল্লাহ আল মামুন। তিনি প্রশিক্ষণে বিভিন্ন প্রজাতির মৎস্য চাষ বিষয়ে আলোচনা করেন। পাশাপাশি গত ২৮ জানুয়ারি ২০২৩ তারিখে পূর্ব অষ্টগ্রাম ইউনিয়নের অতিদরিদ্র পরিবারের ২৫ জন সদস্যকে "ছাগল পালনের উপর দক্ষতা ও উন্নয়ন" মূলক ২ দিনব্যাপী প্রশিক্ষণে উপস্থিত ছিলেন ভেটেরিনারি সার্জন জনাব ডাঃ মঞ্জুর রাহমান। তিনি সদস্যদেরকে ছাগল পালনে খাদ্য, বাসস্থান, নিয়মিত টিকা প্রদান, দানাদার খাদ্যের গুরুত্ব ইত্যাদি বিষয়ে আলোচনা করেন। এফসিডিও এর অর্থায়নে ও পিকেএসএফ এর সহযোগিতায় প্রশিক্ষণ ২টিতে অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন অষ্টগ্রাম উপজেলার এরিয়া কো-অর্ডিনেটর মোঃ কামরুজ্জামান, কারিগরি কর্মকর্তা (জীবিকায়ন) মোঃ হাবিবুর রাহমান, সহকারি কারিগরি কর্মকর্তা মোঃ নাজমুল হক ও অন্যান্য কর্মকর্তাবৃন্দ।

# লিড ফার্মারদের "উত্তম মৎস্য চাষ অনুশীলন এবং মৎস্য চাষে আধুনিক প্রযুক্তির ব্যবহার" বিষয়ক প্রশিক্ষণ




আন্তর্জাতিক কৃষি উন্নয়ন তহবিল (ইফাদ) ও ডানিডা এর অর্থায়নে এবং পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এর কারিগরী ও সার্বিক সহযোগিতায় গোপালগঞ্জ জেলার ৫টি উপজেলায় রুরাল মাইক্রোএন্টারপ্রাইজ ট্রান্সফরমেশন প্রজেক্ট (আরএমটিপি) এর আওতায় 'নিরাপদ মৎস্য পণ্য উৎপাদন ও বাজারজাতকরণ' শীর্ষক ভ্যালু চেইন উপ-প্রকল্পের বিভিন্ন কার্যক্রম মাঠ পর্যায়ে বাস্তবায়ন করছে পদক্ষেপ। প্রকল্পের মূল লক্ষ্য হলো "ভ্যালু চেইন উন্নয়ন কর্মকাণ্ডের মাধ্যমে প্রকল্পভূক্ত প্রান্তিক ও ক্ষুদ্র মৎস্যচাষী এবং ক্ষুদ্র উদ্যোক্তাদের আয় বৃদ্ধি, বাজার সংযোগ, খাদ্য নিরাপত্তা ও পুষ্টি পরিস্থিতি টেকসইভাবে উন্নত করা"। কার্যক্রমের অংশ হিসাবে গত ২৪ ও ২৫ জানুয়ারী ২০২৩ তারিখে কোটালীপাড়া এবং ২৮ ও ২৯ জানুয়ারী ২০২৩ তারিখে কাশিয়ানী উপজেলায় দুইদিন ব্যাপি প্রকল্পের আওতায় ৪০ জন লিড ফার্মারদেরকে "উত্তম মৎস্য চাষ অনুশীলন এবং মৎস্য চাষে আধুনিক প্রযুক্তির ব্যবহার" বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা হয়। প্রশিক্ষণ প্রদান করেন কোটালীপাড়া উপজেলার সিনিয়র মৎস্য কর্মকর্তা মো: ইমরুল কায়েস, কাশিয়ানী উপজেলার সিনিয়র মৎস্য কর্মকর্তা এস.এম শাহজাহান সিরাজ ও প্রকল্প সমন্বয়কারী মো: রফিকুল ইসলাম এবং প্রকল্পের ভ্যালু চেইন ফ্যাসিলিটেটর মো: লেমন মিয়া। প্রশিক্ষণটির সার্বিক সহযোগিতায় ছিলেন কোটালীপাড়া ও কাশিয়ানী উপজেলায় কর্মরত প্রকল্পের সহকারী ভ্যালু চেইন ফ্যাসিলিটেটর নাহিদ হাসান ও মিথুন বড়াল। উক্ত প্রশিক্ষণে অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন এসকেএফ ফার্মাসিটিক্যালস লিমিটেডের মার্কেটিং ম্যানেজার মো: নজরুল ইসলাম, সিগমা এগ্রোভেট লিমিটেডের টেকনিক্যাল ও মার্কেটিং অফিসার ইমরান তালুকদার প্রমুখ।

# পার্বত্য মেলায় পদক্ষেপ এর অংশগ্রহণ





প্রতি বছরের মতো এবারও পার্বত্য মেলার আয়োজন করে পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়। রাজধানী ঢাকার সেগুনবাগিচায় বাংলাদেশ শিল্পকলা একাডেমি প্রাঙ্গণে গত ১২-১৫ জানুয়ারী ২০২৩ তারিখ পর্যন্ত পার্বত্য মেলা অনুষ্ঠিত হয়। মেলাটি প্রতিদিন সকাল ১০টা থেকে রাত ৯টা পর্যন্ত সবার জন্য উন্মুক্ত ছিলো। মেলায় বিভিন্ন শ্রেণী পেশার দর্শক সমাগম ঘটে। মেলার উদ্বোধন করেন সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী কে এম খালিদ। চার দিনব্যাপী পার্বত্য মেলায় ১০৩টি স্টল স্থাপন করা হয় এবং পদক্ষেপ'সহ বিভিন্ন প্রতিষ্ঠান অংশগ্রহণ করে। মেলায় পদক্ষেপ এর পরিচিতি তুলে ধরার পাশাপাশি স্টলে পদক্ষেপ এর বিভিন্ন কার্যক্রমের প্রকাশনা প্রদর্শণ এবং ক্ষুদ্রঋণ গ্রহীতাদের উৎপাদিত পণ্য সামগ্রী বিক্রয় করা হয়। বিশেষ করে পাহাড়ী সদস্যদের পণ্য ও স্টলে পাহাড়ী কর্মীর উপস্থিতি অন্যরকম মাত্রা যোগ করে। মেলার স্টলগুলোতে তিন পার্বত্য জেলায় উৎপাদিত কৃষি পণ্য, হস্তশিল্প, ঐতিহ্যবাহী কোমর তাঁতে বোনা পণ্য, ঐতিহ্যবাহী পার্বত্য খাবার দ্রব্য প্রদর্শন ও বিক্রয় করা হয়। এছাড়া মেলা চলাকালীন পার্বত্য জেলার শিল্পীদের অংশগ্রহণে প্রতিদিন বিকাল ৬টা থেকে রাত ৮টা পর্যন্ত সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশিত হয়। পার্বত্য এলাকার মানুষের জীবন-কৃষ্টি ও সংস্কৃতি, পোশাক-পরিচ্ছদ, ইতিহাস-ঐতিহ্য বিষয়ক তথ্যাদি সমতলের মানুষের মাঝে পরিচয় করিয়ে দেয়ার উদ্দেশে এবং পার্বত্য চট্টগ্রামের ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর উৎপাদিত পণ্যসামগ্রীর প্রচার ও বিপণনের মাধ্যমে তাদের অর্থনৈতিক স্বনির্ভরতার লক্ষ্যে এই মেলা আয়োজন করে পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়। পার্বত্য মেলার সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের মন্ত্রী শ ম রেজাউল করিম, এমপি। উদ্বোধনী ও সমাপনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের মন্ত্রী বীর বাহাদুর উশৈসিং, এমপি। পার্বত্য জেলা সাংস্কৃতিক পরিষদ কর্তৃক মনোমুগ্ধকর জমকালো সাংস্কৃতিক অনুষ্ঠানের মধ্য দিয়ে পার্বত্য মেলাটি শেষ হয়।

# অষ্টগ্রাম উপজেলার ৫০০ জনের মাঝে নগদ অর্থ বিতরণ




গত ৩১ জানুয়ারি ২০২৩ তারিখে অষ্টগ্রাম উপ-প্রকল্প ইউনিটের বাঙ্গালপাড়া, পূর্ব অষ্টগ্রাম ও কাস্তুল ইউনিয়নের ৫০০ জনকে বিকাশ ও নগদের মাধ্যমে জন প্রতি ৬ হাজার টাকা করে মোট ৩০ লক্ষ টাকা বিতরণ করা হয়েছে। এফসিডিও এর অর্থায়নে ও পিকেএসএফ এর সহযোগিতায় পদক্ষেপ এর পাথওয়েজ টু প্রসপারিটি ফর এক্সট্রিমলী পুওর পিপল (পিপিইপিপি) প্রকল্পের আওতায় অষ্টগ্রাম উপজেলার লক্ষ্যমাত্রা অনুযায়ী শতভাগ সদস্যকে এ জরুরী সহায়তা প্রদান করা হয়। পদক্ষেপ এর এরিয়া কোঅর্ডিনেটর মোঃ কামরুজ্জামান, কারিগরি কর্মকর্তা (জীবিকায়ন) মোঃ হাবিবুর রাহমান, সিবিও মনিটরিং অফিসার মোঃ সোহেল রানা দিপু, মোঃ ইমদাদুল হক ও অমিত হাসান এবং সহকারি কারিগরি কর্মকর্তা নিকাশ চন্দ্র সরকার ও মো: নাজমুল হক এবং বিকাশ ও নগদ এর কর্মকর্তাবৃন্দ এ সময় উপস্থিত ছিলেন।

# প্রমোশন অব সেইফ স্ট্রিট ফুড ম্যানেজমেন্ট প্র্যাকটিসেস প্রকল্পে ক্ষুদ্র উদ্যোক্তাদের পণ্যের ছাড়পত্র নিশ্চিতকরণের জন্য আলোচনা সভা



পদক্ষেপ এর সাসটেইনেবল এন্টারপ্রাইজ প্রজেক্ট (এসইপি) এর উপ-প্রকল্প প্রমোশন অব সেইফ স্ট্রিট ফুড ম্যানেজমেন্ট প্র্যাকটিসেস প্রকল্পের গত ২১ জানুয়ারি ২০২৩ তারিখে মোহাম্মদপুর এবং মিরপুর ব্রাঞ্চের ক্ষুদ্র উদ্যোক্তাদের নিয়ে পণ্য ছাড়পত্রের জন্য পরামর্শ সভার আয়োজন করা হয়। প্রকল্পটি বিশ্ব ব্যাংক ও পিকেএসএফ এর সহায়তায় পদক্ষেপ বাস্তবায়ন করছে। উক্ত আলোচনা সভাটি পদক্ষেপ ইনস্টিটিউট অব ডেভেলপমেন্ট এ্যান্ড ম্যানেজমেন্ট (পিআইডিএম) এ অনুষ্ঠিত হয়।

পদক্ষেপ প্রোগ্রাম উইং এর যুগ্ম পরিচালক মো: মনিরুজ্জামান এর সভাপতিত্বে এবং প্রজেক্ট ম্যানেজার আয়শা সিদ্দীকা এর সঞ্চালনায় ক্ষুদ্র উদ্যোক্তাদের সাথে পণ্য ছাড়পত্রের নিয়মাবলী বিষয়ে উদ্যোক্তাদের অবহিত করার লক্ষ্যে পরামর্শ সভাটি অনুষ্ঠিত হয়। সভায় পণ্যের মান নিয়ন্ত্রণে বিএসটিআই এর ৬টি ক্যাটাগরীর ১৪৫টি পণ্যের জন্য বিএসটিআই এর লাইসেন্স প্রয়োজন হয়। সে সকল পণ্যেগুলো কি, পণ্য ছাড়পত্র নেয়ার পদ্ধতি, প্রয়োজনীয় কাগজপত্র, আবেদন ফি, মেয়াদ, নবায়ন, বিএসটিআই যে সকল পরীক্ষা করে সেই সকল বিভিন্ন বিষয়ে সভায় আলোচনা করা হয়।

এছাড়া অনুষ্ঠানে নিরাপদ খাদ্য নিশ্চিতকরণ এবং উদ্যোক্তাদের টেকসই ব্যবসা নিশ্চিত করার লক্ষ্যে ছাড়পত্র প্রাপ্তির ভবিষ্যত বিভিন্ন সুবিধা সম্পর্কে উদ্যোক্তারা জানতে পারেন। সভাপতি নিরাপদ পরিবেশ বজায় রেখে মানসম্মত খাদ্য তৈরি করার জন্য সাবাইকে সচেতন ও আন্তরিক হয়ে কাজ করার পরামর্শ প্রদান করে সভা শেষ করেন। সভায় অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন পরিবেশ কর্মকর্তা মৌসুমি কর, টেকনিক্যাল অফিসার লিভা আক্তার প্রমূখ।

# জানুয়ারি মাসে প্রশিক্ষণ পেয়েছে ৮৩০ জন

জানুয়ারি ২০২৩ মাসে অভ্যন্তরীণভাবে পদক্ষেপ এর ক্ষুদ্র অর্থায়ন কর্মসূচীর মাঠ পর্যায়ে কমিউনিটি ম্যানেজার পদে মনোনীত ৯৮ জন ও আরবান হেলথ কেয়ার প্রকল্পের নতুন নিয়োগপ্রাপ্ত ২ জন কর্মীকে এবং এইডস/এসটিডি প্রোগ্রামের নতুন নিয়োগপ্রাপ্ত ৩১ জন ক্লিনার, অফিস সহায়ক ও ড্রাইভারকে 'বেসিক ওরিয়েন্টেশন' বিষয়ে; ব্রাঞ্চ ম্যানেজার পদে পদোন্নতির জন্য প্যানেলভূক্ত ৩৩ জন কর্মীকে 'ব্যবস্থাপনা ও নেতৃত্ব উন্নয়ন' বিষয়ে এবং প্রধান কার্যালয়ে কর্মরত ১০ জনকে 'Proposal Development, Quality Report Writing & Project Understanding' বিষয়'সহ মোট ১৭৪ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। পাশাপাশি 'হিসাব ও আর্থিক ব্যবস্থাপনা এবং মাইক্রোজেন সফটওয়্যার পরিচালনা' বিষয়ে ব্রাঞ্চ ম্যানেজার ও সহকারী ব্রাঞ্চ ম্যানেজার (হিসাব) পদে ৬৫৪ জনকে অনলাইন ভিত্তিক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এছাড়া পিকেএসএফ কর্তৃক সিনিয়র ব্যবস্থাপক (এডমিন এন্ড একাউন্টস) পদে ১ জনকে 'Procurement & Inventory Management' বিষয়ে ও সিডিএফ কর্তৃক সহকারী পরিচালক ও জোনাল ম্যানেজার পদে ১ জনকে 'Personal Excellence in the work Place' বিষয়ের উপর প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

# পিআইডিএম এ মাসে সেবা দিয়েছে ১১৪১ জনকে

পদক্ষেপ তার নিজস্ব প্রশিক্ষণ কেন্দ্র পিআইডিএম-এ পদক্ষেপ'সহ সরকারি বেসরকারী প্রতিষ্ঠানের সহযোগিতায় ও যৌথ ব্যবস্থাপনায় বিভিন্ন বিষয়ভিত্তিক প্রশিক্ষণ প্রদান কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়ন করে আসছে। এরই ধারাবাহিকতায় জানুয়ারি ২০২৩ মাসে পদক্ষেপ'সহ ২১টি উন্নয়ন সহযোগী সংস্থার মোট ১১৪১ জন কর্মী/উপকারভোগীর অংশগ্রহণে ৬টি সভা ও ১৩টি প্রশিক্ষণ ব্যাচের জন্য খাদ্য, ভেন্যু ও আবাসন সেবা প্রদান করা হয়েছে।

# এ মাসে রেমিটেন্স লেনদেন হয়েছে ৪২৬টি

জানুয়ারি ২০২৩ মাসে বিভিন্ন ব্রাঞ্চের মাধ্যমে মোট ৪২৬ জন গ্রাহককে ২.০৭ কোটি টাকা রেমিটেন্সের অর্থ প্রদান করা হয়েছে। এভাবে এপর্যন্ত পদক্ষেপ মোট ১,৫৭,৪৭২ জন গ্রাহককে ৫০৪.১৫ কোটি টাকা রেমিটেন্সের অর্থ প্রদান করেছে। উল্লেখ্য যে, ক্ষুদ্রঋণ কার্যক্রমের সাথে পদক্ষেপ দেশব্যাপী মানিগ্রাম, ট্রান্স-ফাস্ট, এক্সপ্রেস মানি, সিবিএল মানি ট্রান্সফার, ইজেড রেমিট, আল জাদিদ, আফতাব কারেন্সি, ইউনিমনি, ইনস্ট্যান্ট ক্যাশ ও রিয়া'সহ মোট ২৮টি এক্সচেঞ্জ হাউজ/প্রতিষ্ঠানের মাধ্যমে দ্রুততম সময়ে বিদেশ হতে প্রেরিত রেমিটেন্স গ্রাহকের হাতে পৌঁছে দিচ্ছে।

# এ মাসে ২১৪ জনকে নিয়োগ দিয়েছে পদক্ষেপ

জানুয়ারি ২০২৩ মাসে পদক্ষেপ এর ক্ষুদ্র অর্থায়ন কর্মসূচির বিভিন্ন ব্রাঞ্চে সিএম-১ পদে ১৫০ জন ও সিএম-২ পদে ৬৪ জনকে নিয়োগ প্রদান করা হয়েছে। এরমধ্যে রংপুর জোনে ৪ জন, দিনাজপুর জোনে ১৪ জন, ফরিদপুর জোনে ২ জন, কিশোরগঞ্জ জোনে ৩ জন, কুমিল্লা জোনে ১ জন, বি-বাড়িয়া জোনে ২ জন, বরিশাল জোনে ৩ জন, ভোলা জোনে ৭ জন, পটুয়াখালী জোনে ১ জন, রাজশাহী জোনে ৬ জন, চট্টগ্রাম (উ:) জোনে ৬২ জন, চট্টগ্রাম (দ:) জোনে ৪২ জন, ময়মনসিংহ জোনে ৩৭ জন ও ঢাকা জোনে ৩০ জন।

# কর্মী কল্যাণ তহবিল, সিপিএফ ও অনুদান প্রদান

জানুয়ারি ২০২৩ মাসে সিপিএফ হতে ২৫ জন কর্মীকে ২০,৮২,২৮৬/- টাকা এবং কর্মী কল্যাণ তহবিল হতে ২৫ জন কর্মীকে ৭২,০০০/- টাকা ফেরত প্রদান করা হয়েছে। এছাড়া কর্মী স্বেচ্ছা সঞ্চয় ও বীমা প্রোগ্রাম থেকে ২৫ জনকে ৮,২২,২৩৮/- টাকা এবং কর্মী কল্যাণ তহবিল হতে ২২ জনকে ৩,৬৬,৩০০/- টাকা অনুদান হিসেবে প্রদান করা হয়েছে।

**পাবলিকেশন ও ডকুমেন্টেশন সেকশন কর্তৃক প্রণয়নকৃত মাসিক ই-নিউজে আপনার আওতাধীন কার্যক্রমের প্রতিমাসের গুরুত্বপূর্ণ সংবাদ পরবর্তী মাসের ৫ তারিখের মধ্যে zahid@padakhep.org ই-মেইলে জমা প্রদানের আহবান করা হলো।**

বাড়ী নং-৫৪৮, রোড নং-১০, বায়তুল আমান হাউজিং সোসাইটি, আদাবর, মোহাম্মদপুর, ঢাকা-১২০৭
ফোন ঃ ৫৮১৫১১২৬, ৫৮১৫৬৯২৫, ৫৫০১০৪০৫ ৫৫০১০৪০৬, ফ্যাক্স ঃ ৮৮-২-৯১৩৭৩১০
E-mail : pmuk@padakhep.org info@padakhep.org, Web: www.padakhep.org